

সংলগ্নী-০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ডিএসএল অধিশাখা।

নং-অম/অবি/ ডিএসএল/শা-২/৫৭/০৭/৩৬৫

তারিখঃ ৩০/৯/২০০৭খ্রি:

বিষয় : ই-মেইল এর মাধ্যমে তথ্য আদান প্রদান প্রসংগে।

বর্তমান তথ্য প্রযুক্তির যুগে তথ্য প্রবাহের ক্ষেত্রে ই-মেইল এর ব্যবহার সময় ও অর্থ সাশ্রয়মূলক একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। এতে তথ্য প্রবাহে গতিশীলতা আসে এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত হয়। সে কারণেই বর্তমানে অর্থ বিভাগ থেকে যোগাযোগের ক্ষেত্রে ই-মেইল ব্যবহারের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করা হচ্ছে।

এমতাবস্থায়, ডিএসএল সংশ্লিষ্ট স্বায়ত্বশাসিত ও আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সমূহকে অর্থ বিভাগের সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের আওতাধীন ডিএসএল অধিশাখার সাথে সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগে প্রয়োজ্য ক্ষেত্রে ই-মেইলের মাধ্যমে তা সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'ল।

স্বাঃ-

(মোঃ এখলাছুর রহমান)

উপ-সচিব (ডিএসএল)

ফোন : ৯৫৫১১৬০

ই-মেইল : ekhlasr@finance.gov.bd

প্রাপক :

... ..

(ডিএসএল সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান)

অনুলিপি প্রেরিত হ'লঃ

১। যুগ্ম-সচিব, সম্পদ ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ।

২। অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।